তারিখ ... 10 APR 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

আমাদের সময়

# সপ্তাহে দুদিন বিশ্ববিদ্যালয় বন্ধ চান জাবির শিক্ষকরা

জাবি প্রতিনিধি •

সপ্তাহে দুই দিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ রাখার দাবি জানিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সেমিনার কক্ষে অনুষ্ঠিত সমিতির সাধারণ সভায় ওই বিষয়সহ অন্যান্য সিদ্ধান্ত নেওয়া হয়।

বৃহস্পতি, শুক্র এবং শনিবারের মধ্যে যে কোনো দুই দিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম বন্ধের সুপারিশ করা হয়েছে। এ ছাড়া বিভিন্ন বিভাগে চলমান ইভিনিং প্রোগ্রাম থেকে প্রাপ্ত অর্থ ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নীতি অনুসরণ এবং এই অর্থ শিক্ষকদের গবেষণা, অফিস ও শিক্ষা সহায়ক অবকাঠামো উন্নয়নে ব্যয় করা, বিভিন্ন মেয়াদুত্তীর্ণ ডিন, একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট নির্বাচনের তারিখ ঘোষণা, গৃহ নির্মাণ ঋণের সুদের হার ৭ শতাংশে কমিয়ে আনা, বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষকের টেলিফোন সুবিধা নিশ্চিতকরণ, অস্থায়ী শিক্ষকদের দ্রুত স্থায়ীকরণ, শিক্ষক নিয়োগের সিলেকশন বোর্ডে ডিনদের অন্তর্ভুক্ত করে তা সংস্করণ, শিক্ষকদের সমন্বিত ভাড়া নির্ধারণ এবং প্রশাসনিক দায়িত্বপালনকারী শিক্ষকদের ভাড়ামুক্ত বাড়ির আওতায় আনার বিষয়েও সুপারিশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক বশির আহমেদ আমাদের সময়কে বলেন, সমিতির সাধারণ সভায় নেওয়া সিদ্ধান্তগুলোর বিষয়ে কার্যকর উদ্যোগ নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সুপারিশ করা হবে। -